

# এইচএসসিতে খাতা চ্যালেঞ্জের ঢাকা বোর্ডে জিপিএ-৫ পেলেন ২০১ জন, ফেল থেকে পাস ৩০৮

স্টাফ রিপোর্টার

প্রকাশিত: ১১:০৩, ১৬ নভেম্বর ২০২৫; আপডেট: ১২:২৮,  
১৬ নভেম্বর ২০২৫



ছবি: সংগৃহীত

চলতি বছরের এইচএসসি ও সমমান পরীক্ষার খাতা চ্যালেঞ্জ বা উত্তরপত্র পুনর্নিরীক্ষণের ফল প্রকাশ করা হয়েছে। এতে ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডে নতুন করে জিপিএ-৫ পেয়েছেন ২০১ জন। এছাড়া ফেল থেকে পাস করেছেন ৩০৮ জন। রবিবার (১৫ নভেম্বর) সকাল ১০টার দিকে এ ফল প্রকাশ করা হয়।

জানা গেছে, ঢাকা বোর্ডে উত্তরপত্র পুনর্নিরীক্ষণের ফলের জন্য  
আবেদন করেন ৮৯ হাজার ৬৭১ জন শিক্ষার্থী। এরমধ্যে ২

হাজার ৩৩১ জনের ফল এবং গ্রেড পরিবর্তন হয়েছে ২ হাজার  
৩৭৩ জনের।